



আদানি পাওয়ারকে ৩৮৪ মিলিয়ন ডলার পরিশোধ করল বাংলাদেশ



সংগৃহীত ছবি

ভারতের আদানি পাওয়ার কোম্পানিকে চলতি অর্ধবছরের জুন মাস পর্যন্ত বাংলাদেশ কর্তৃপক্ষ প্রায় ৩৮৪ মিলিয়ন মার্কিন ডলার পরিশোধ করেছে। যা পূর্বের বকেয়ার একটি বড় অংশ। বাংলাদেশের জ্বালানি ও বিদ্যুৎ বিভাগ জানায়, এই অর্থ আদানি গ্রুপের বিদ্যুৎ রপ্তানি বিল বাবদ পরিশোধ করা হয়।

এর আগে আদানি পাওয়ারের পক্ষ থেকে দাবি করা হয়, চলতি বছরের শুরু থেকে পাওনা বিল প্রায় ৪৩৭ মিলিয়ন ডলার ছাড়িয়ে গেছে। বিষয়টি আন্তর্জাতিক অঙ্গনে আলোচনার জন্ম দেয়। তবে বিদ্যুৎ বিভাগ সূত্রে জানা গেছে, জুন মাসের মধ্যেই বেশিরভাগ বকেয়া পরিশোধ করা হয়েছে এবং বাকি অর্থও নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধের প্রক্রিয়ায় রয়েছে।

বাংলাদেশ-ভারত দ্বিপাক্ষিক বিদ্যুৎচুক্তির আওতায় আদানি পাওয়ার গড্ডা প্লান্ট থেকে বাংলাদেশে বিদ্যুৎ সরবরাহ করে আসছে। চুক্তি অনুযায়ী প্রতি ইউনিট বিদ্যুতের দাম নির্দিষ্ট করা থাকলেও সাম্প্রতিক সময়ে উৎপাদন ব্যয় ও ডলার সংকটের কারণে বিল পরিশোধে কিছুটা বিলম্ব ঘটে।

বিশেষজ্ঞরা বলছেন, এই পরিশোধ দ্বিপাক্ষিক সম্পর্ক ও বিদ্যুৎ সরবরাহ স্থিতিশীল রাখতে সহায়ক হবে। তবে সরকারের সামনে এখন বড় চ্যালেঞ্জ হলো—বিদ্যুৎ খাতে ক্রমবর্ধমান ব্যয় কীভাবে সামলানো যায়।